

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

প্রত্নপন

ঢাকা, ১লা জানুয়ারী ১৯৯৯ ইং। ১৯শে মাঘ ১৪০৫ বাং

নং-৬৮/৯৯/ শুল্ক I—The Customs Act, 1969 (IV of 1996) এর section 219 এবং
এর সহিত পঠিতব্য উক্ত Act এর Third Schedule এর Item ১৭ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয়
রাজস্ব বোর্ড নিম্নবর্ণিত বিধিমালা প্রনয়ন করিল, যথাঃ—

- ১। **সংক্ষিপ্ত শিরনামা ও প্রয়োগঃ** (ক) এই বিধিমালা বিমান যাত্রী Unaccompanied ব্যাগেজ
(রপ্তানী) বিধিমালা, ১৯৯৯ নামে অভিহিত হইবে;
(খ) এই বিধিমালা কেবলমাত্র বিমানযোগে ভ্রমণকারী যাত্রীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। তবে শর্ত
থাকে যে অনুরূপ ব্যাগেজ যাত্রীর চূড়ান্ত গন্তব্যস্থল অথবা ফেরত টিকেট (Retrun ticket)
এর ক্ষেত্রে যাত্রা শুরুর স্থানের উদ্দেশ্যে প্রেরণ করিতে হইবে;
- ২। **সংজ্ঞা I**— বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই বিধিমালায় ব্যাগেজ অর্থ কোন
যাত্রীর যুক্তি সঙ্গত পরিমাণের ব্যবহৃত বা নতুন ব্যক্তিগত ব্যবহার্য পরিধেয় ও অন্যবিধি সামগ্রী এবং
উপহার সামগ্রী।
- ৩। **শুল্ক কর্তৃপক্ষ নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে বিদেশগামী যাত্রীর unaccompanied ব্যাগেজ
প্রেরণের অনুমতি প্রদান করিতে পারিবেঃ**
 - (ক) যাত্রী যাত্রার অন্ততঃ ৩ (তিনি) ঘন্টা পূর্বে তাহার unaccompanied ব্যাগেজ সংশ্লিষ্ট
এয়ারলাইন্স এর প্যাসেঞ্জার কাউন্টার অথবা কার্গো কাউন্টারে উপস্থাপন করিবেন।
প্যাসেঞ্জার কাউন্টারে উপস্থাপনের ক্ষেত্রে বিমান বন্দরে বেসামরিক বিমান চলাচল
কর্তৃপক্ষের স্ক্যানিং মেশিনে মালামাল নিরাপত্তা স্ক্যানিং সম্পন্ন করিতে হইবে। কোন
কাউন্টারে unaccompanied ব্যাগেজ গ্রহণ করা হইবে তাহা প্রতি এয়ারলাইন নিজে
নির্ধারণ করিবে;
 - (খ) যাত্রীকে IATA Standard Shipper's Declaration Form এ ঘোষণা প্রদান
করিতে হইবে যে উপস্থাপিত unaccompanied ব্যাগেজে বাণিজ্যিক, রপ্তানী নিষিদ্ধ বা
আবেধ কোন পণ্য অন্তর্ভুক্ত নাই;
 - (গ) সংশ্লিষ্ট এয়ারলাইন্স এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা একুপ ব্যাগেজ উপস্থাপনের সাথে সাথে তাহা
সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তাকে (কমিশনার কর্তৃক নিয়োজিত সহকারী কমিশনার বা তদুর্ধৰ পদের
কর্মকর্তা) অবহিত করিবেন;

- (ঘ) শুল্ক কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে ব্যাগেজ স্ক্যানিং এবং / অথবা পরীক্ষা (কায়িক) করিতে পারিবে। তবে পরীক্ষা করা হইবে কিনা তাহা শুল্ক কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট এয়ারলাইস এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করিবেন। পরীক্ষা না করা হইলে সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তা তাৎক্ষণিকভাবে ব্যাগেজ প্রেরণের (রঞ্চানী) অনুমতি প্রদান করিবেন। পরীক্ষা করা হইলে তাহা অবহিতকরণের অনধিক ১ ঘন্টার মধ্যে সম্পন্ন করিতে হইবে;
- (ঙ) পরীক্ষা করা হইলে এবং অস্ত্রোষজনক কোন কিছু না পাওয়া গেলে পরীক্ষা কার্য সম্পন্ন হওয়ার সাথে সাথে তাহা প্রেরণের (রঞ্চানীর) অনুমতি প্রদান অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
স্বাক্ষরিত/-

আ, ম, মসরুর আহমেদ
প্রথম সচিব (শুল্ক)।